দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৭

MAR. 23 2002

# নেত্রকোনায় ছাত্রদলের সাথে সংঘর্ষে ছাত্রলীগ নেতা নিহত

নেত্রকোনা সংবাদদাতা ॥ বৃহস্পতিবার রাতে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সংঘর্ষে াহনগঞ্জে পৌর ছাত্রলীগের সহ-সভাপতি বাক্কী খান নিহত এবং উভয় দলের চারজন গুরুতর াহত হয়েছে। আহতদের মধ্যে দুই সংগঠনের দু'জনকে (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## নেত্রকোনায় ছাত্রদলের সাথে

(১ম পৃষ্ঠার পর)

য়মনসিংহ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ানা গেছে, বাক্কী মোহনগঞ্জ বাজারে একটি র্ণকারের দোকানে বসে ছিল। ছাত্রদলের ্যাডার ইকবালের নেতৃত্বে কয়েকজন সশস্ত্র নতা-কর্মী তার ওপর হামলা চালায়। ধারালো স্ত্র দিয়ে তাকে কোপানো হয়। ঐ সময় উভয় লের চারজন আহত হয়। বাক্কীকে য়মনসিংহে চিকিৎসার জন্য পাঠালে রাতেই স সেখানে মারা যায়। জেলা আওয়ামী লীগ ম্পাদক এডভোকেট আমিরুল ইসলাম এই ত্যাকাণ্ডের তীব্র নিন্দা এবং দোষী ব্যক্তিদের গ্রফতারের দাবী জানিয়েছেন।

### মাগুরায় সংঘর্ষে আহত ২৫

মাগুরা সংবাদদাতা জানান, গত শুক্রবার মোহাম্মদপুর উপজেলার ঝগড়দিয়া গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে স্থানীয় স্কুল মাঠে বিএনপি ও আওয়ামী লীগ সমর্থকদের মধ্যে এক সংঘর্ষে ২৫ জন আহত হয়। উভয়পক্ষই লাঠি-চেংগা, রামদা, ঢাল-সড়কি প্রভৃতি অস্ত্রশস্ত্র ব্যবহার করে। গ্রামটি রণক্ষেত্রে পরিণত হয় আহতদের মধ্যে আক্কাস (৫০), শুকুর (৩৫) আজিজুল (২৮), আক্তার (৪৫), সাইফু (৩০) ও সৈয়দকে (৩৫) মাগুরা সদ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলি ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

### মোহনগঞ্জে আজ অর্ধদিবস হরতাল

মোহনগঞ্জ (নেত্রকোনা) থেকে সংবাদদাতা জানান, ছাত্রলীগ নেতা রফিকু আলম খান বাকী (২৩) হত্যার প্রতিবাদে আ মোহনগঞ্জ শহরে সকাল ৬ থেকে ১২টা পর্য হরতালের কর্মসূচী ঘোষণা করেন আওয়া লীগের উপজেলা শাখার সাধারণ সম্পাদ মোহনগঞ্জ পৌর চেয়ারম্যান লতিফুর রহম রতন। বিকালে শোক মিছিল শেষে আওয়া লীগ কার্যালয়ে শত শত মানুষ সমবেত হলে ঘোষণা দেয়া হয়। শহরের পরিস্থিতি উত্ত পুলিশ মোড়ে মোড়ে পাহারা দিচ্ছে।